



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা
সাধারণ শাখা
www.comilla.gov.bd

নম্বর ০৫.৪২.১৯০০.০০৮.১৮.৪৭৩.১৮.৯

তারিখ: ৪ বৈশাখ ১৪৩১

১৭ এপ্রিল ২০২৪

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নির্বাচনি আপীল শুনানীর নোটিশ

নির্বাচন কমিশন সচিবালয়ের ২১ মার্চ ২০২৪ তারিখের ১২৫ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন মূলে ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১ম পর্যায় সাধারণ নির্বাচন - ২০২৪ এর নির্বাচনি সময়সূচি জারী করা হয়েছে। নির্বাচনি সময়সূচি অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ অর্থাৎ ১৭/০৪/২০২৪ তারিখের পর আগামী ১৮/০৪/২০২৪ হতে ২০/০৪/২০২৪ তারিখ পর্যন্ত (বৃহস্পতিবার হতে শনিবার পর্যন্ত) রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাতিল/গ্রহণ আদেশের বিরুদ্ধে আপীল আবেদন জেলা প্রশাসক, কুমিল্লা এর অফিস কক্ষে গ্রহণ করা হবে।

০২। উক্ত সময়ের মধ্যে প্রাপ্ত সকল আপীল আবেদন সম্পর্কে আগামী ২১/০৪/২০২৪ তারিখ রবিবার বেলা ০২:৩০ ঘটিকার সময় জেলা প্রশাসকের অফিস কক্ষে শুনানী অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হলো।

১৭-৪-২০২৪

খন্দকার মু: মুশফিকুর রহমান
জেলা প্রশাসক ও আপীল কর্তৃপক্ষ ৬ষ্ঠ উপজেলা
পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা
- ২) পুলিশ সুপার, কুমিল্লা
- ৩) সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা ও রিটার্নিং অফিসার, ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪। অবগতি ও সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ আপীল শুনানীকালে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, নাংগলকোট/লাকসাম/ মনোহরগঞ্জ/মেঘনা, কুমিল্লা
- ৫) জনাব, (আপীলকারী)। আপীল আবেদন শুনানী অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

